



# INTERNATIONAL NUTRITION OLYMPIAD 2021 Let The Youth Lead



## সঙ্গীত প্রতিযোগিতার নির্দেশিকা

কিশোর-কিশোরী এবং তরুণদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে পুষ্টি সমৃদ্ধ সমাজ গঠনে সম্মিলিত উদ্যোগের বার্ষিক জাতীয় অনুষ্ঠান হলো নিউট্রিশন অলিম্পিয়াড। BIID Foundation বিভিন্ন সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের সহযোগিতায় যৌথ ভাবে ২০১৭ সাল থেকে এই অনুষ্ঠানের আয়োজন করে আসছে। পুষ্টি বিষয়ে জাতীয় এবং আন্তর্জাতিক লক্ষ্য সমূহ অর্জনে তরুণদের নেতৃত্বে নিউট্রিশন অলিম্পিয়াড কার্যকর ভূমিকা পালন করছে।

আগামী ২১ ডিসেম্বর, ২০২১ “আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১” আয়োজন করা হবে। নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজনকে সমগ্র বিশ্বে ছড়িয়ে দিতে এবং কিশোর-কিশোরী ও তরুণদের অংশগ্রহণকে উৎসাহিত করার জন্য ২০২১ সাল থেকে আন্তর্জাতিক পর্যায়ে নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজনের উদ্যোগ নেওয়া হয়েছে। প্রতিবারের মতো এবারো নিউট্রিশন অলিম্পিয়াডে বিভিন্ন প্রতিযোগিতা ও কার্যক্রম এর আয়োজন করা হয়েছে।

এ বছর আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড এ সঙ্গীত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য ১০-২৪ বছর বয়সীদের আহ্বান করা হচ্ছে। সঙ্গীত প্রতিযোগিতার নিয়মাবলী নীচে দেয়া হলোঃ

### বয়স ভিত্তিক গ্রুপ:

ক	খ
১০-১৮	১৯-২৪

### বিষয়বস্তু:

“যে কোন লোক সংগীত বা দেশাত্ববোধক গান”।

মূল বিষয় ঠিক রেখে অংশগ্রহণকারী তার স্বরচিত অথবা প্যারোডিকৃত, চলিত অথবা আঞ্চলিক ভাষায় গান পরিবেশন করতে পারবে।

### প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নির্দেশনা:

যোগ্যতাঃ নিউট্রিশন ক্লাব সদস্য, শিক্ষার্থী এবং নির্ধারিত বয়সসীমার সকল কিশোর-কিশোরী, তরুণ-তরুণী যারা আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১ এর ওয়েবসাইট এর মাধ্যমে রেজিস্ট্রেশন করবে তারা সবাই অংশগ্রহণ করতে পারবেন।



রেজিস্ট্রেশন: আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১ ওয়েবসাইট এর মাধ্যমে প্রত্যেক অংশগ্রহণকারীকে রেজিস্ট্রেশন এর সময় প্রতিযোগিতার বিষয় “সঙ্গীত প্রতিযোগিতা” নির্বাচন করতে হবে।

ভাষা: বাংলা অথবা ইংরেজি।

রেজিস্ট্রেশন এর শেষ সময়: ১০/১২/ ২০২১

সঙ্গীতের কাঠামো:

সময়	বিষয়বস্তু
১৫ সেকেন্ড	আপনার (নাম, বয়সের গ্রুপ এবং এলাকা) পরিচয় দিন
১৫ সেকেন্ড	গানের বিষয় এর নাম এবং বিষয় সম্পর্কে ছোট্ট একটি ব্যাখ্যা
২ মিনিট	সঙ্গীত পরিবেশন

স্কোরিং:

ক্রমিক নং	বিষয়বস্তু	নম্বর
১.	গানের বিষয়	২৫
২.	গানের কথা ও সুর	৩০
৩.	মূল বিষয় উপস্থাপনা	৩০
৪.	নিয়মাবলী অনুসরণ	১৫

প্রাথমিক বাছাই:

১২/১২/২০২১ তারিখে BIID Foundation এর পক্ষ থেকে একটি ZOOM লিংক দেওয়া হবে, যেখানে ১৪/১২/২০২১ তারিখে সরাসরি অংশগ্রহণ করতে হবে। প্রাথমিক বাছাইয়ে নির্বাচিত ৩ জন (প্রতি গ্রুপে) চূড়ান্ত পর্বে অংশ নিবে।

চূড়ান্ত বাছাই: নির্বাচিত প্রতিযোগীদের অলিম্পিয়াডের দিন (২১/১২/২০২১) ZOOM এ সরাসরি সঙ্গীত পরিবেশন করতে হবে। চূড়ান্ত বাছাই এর বিষয় ১৫/১২/২০২১ তারিখে ই-মেইলের মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

যোগাযোগ:

সঙ্গীত প্রতিযোগিতা বিষয়ে যেকোন প্রশ্ন থাকলে যোগাযোগ করুন, সাদিয়া ইসলাম কান্ধি। ফোনঃ +৮৮০১৭৩১৬১৯১৯৬ অথবা ই-মেইল: [sadiaislamkanchi@gmail.com](mailto:sadiaislamkanchi@gmail.com) অথবা ই-মেইল: [ino@biid.org.bd](mailto:ino@biid.org.bd), ফোন: +৮৮০১৭৮২৫১০০৮৯.

বিশেষ দ্রষ্টব্য:

- যেকোনো প্রকারের অসদুপায় অবলম্বনের চেষ্টা করলে অযোগ্য ঘোষণা করা হবে।
- বিচারকের সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।

অন্যান্য:

- প্রতিযোগিতার সময় ক্যামেরা অন রাখতে হবে।
- ২টি গ্রুপ থেকে সর্বোচ্চ স্কোরধারীকে আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১ এর সমাপনী অনুষ্ঠানে বিজয়ী ঘোষণা করা হবে।

একজন অংশগ্রহণকারী/একটি দল সর্বোচ্চ তিনটি প্রতিযোগিতার জন্য আবেদন করতে পারবে।

